ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩২০

ছামনু, ১৮ অক্টোবর, ২০২৫

**লংতরাইভ্যালি মহকুমায় বিইইউপি প্রকল্পে কম্পিউটার সেট বিতরণ**

লংতরাইভ্যালি মহকুমায় বিইইউপি প্রকল্পে বিধায়ক পল দাংশু বিভিন্ন বিদ্যালয় এবং অফিসগুলিতে কম্পিউটার সেট বিতরণ করেছেন। ১৬ অক্টোবর তিনি কুকিছড়ার অ্যাভেঞ্জার ইংলিশ মিডিয়াম স্কুল, কাঞ্চনছড়ার অক্সফোর্ড ইনস্টিটিউশন এবং ছৈলেংটাস্থিত তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিকদের হাতে ৩টি ডেক্সটপ কম্পিউটার সেট তুলে দেন। এগুলি প্রদান করার সময় লংতরাইভ্যালি মহকুমার মহকুমা শাসক সুব্রত দাস, ডিসিএম সৌরভ দাস, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের মনু-র এসজেডিও দুলাল দেববর্মা উপস্থিত ছিলেন।

*****